তারিখ 11 JAN 1990
পৃষ্ঠা 2 কলাম ৭
০৪

দৈনিক ইত্তেফাক

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

গত বছর পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিতে গড়ে ৬৫% নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দেওয়ার জন্য যোগ্য বিবেচিত হয়। পূর্ববর্তী বছরগুলির তুলনায় এবারে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় চারিটি শিক্ষা বোর্ডের পাসের হার খুবই কম। তন্মধ্যে ঢাকা বোর্ডের পাসের হার মাত্র ২৪%। ১৯৮৯ সনের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ অনেক ছাত্র-ছাত্রীই পদার্থ, রসায়ন ও গণিতে আশানুরূপ ফল লাভে ব্যর্থ হইয়াছে। তাই যারা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে চায়, অথচ পদার্থ, রসায়ন ও গণিতে ৬৫% নাম্বার পায় নাই, তাহারা হতাশ হইয়া পড়িয়াছে। তাই বুয়েট কর্তৃপক্ষের নিকট আবেদন, যে সকল ছাত্রছাত্রী এস, এস, সি ও এইচ, এস, সি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে এবং এইচ, এস,সি পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিতে গড়ে ৬০% নম্বর পাইয়াছে, তাহাদেরকে অন্ততঃ পক্ষে ভর্তি পরীক্ষা দেওয়ার যেন সুযোগ দেওয়া হয়।

—আজিজুর রহমান, ২৭/ক, সিদ্ধেশ্বরী, ঢাকা।